

রাজশাহীতে কয়েক লাখ সরকারি বই উদ্ধার

বিক্রির জন্য পাঠানো হচ্ছিল ঢাকায়

■ রাজশাহী অফিস

বিনামূল্যে বিতরণের জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ডের কয়েক লাখ (৩ টন) বই উদ্ধার করেছে রাব। রাজশাহীর দুর্গাপুর থানা থেকে মাত্র ২০ গজ দূরে একটি ট্রাকের ভেতর থেকে বইগুলো তক্তাবার রাতে উদ্ধার করে রাব। জানা গেছে, উদ্ধার করা বইগুলো ছিল তৃতীয় থেকে নবম শ্রেণীর মাদ্রাসা শিক্ষার্থীদের। এসব বই বিতরণ না করে মলাট খুলে ট্রাকে পুরাতন জিনিসপত্রের বস্তার নিচে লুকিয়ে ঢাকায় পাঠানো হচ্ছিল। এ ঘটনার সঙ্গে জড়িত পুরাতন জিনিসপত্র বিক্রয়তা সেলিমসহ পৃষ্ঠা ১১ কলাম ৪

রাজশাহীতে কয়েক

প্রথম পৃষ্ঠার পর

৫ জনকে আটক করে রাব। গতকাল শনিবার এদের বিরুদ্ধে থানায় মামলা করার পর পাঠিয়ে দেয়া হয় জেলহাজতে। প্রত্যক্ষদর্শী ও পুলিশ জানায়, বৃহস্পতিবার রাত থেকেই সেলিম নামের এক পুরাতন জিনিসপত্র বিক্রয়তা তার দোকানের সামনে দাঁড় করানো একটি ট্রাকে (ঢাকা মেট্রো-ট-১৪-৫০৩৩) কয়েক লাখ মলাট ছেঁড়া নতুন বই তোলে। দুর্গাপুর থানা থেকে মাত্র ৪০ গজ দূরে দোকানটির অবস্থান। বইয়ের ওপর পুরাতন জিনিসপত্র জড়ি বস্তা দিয়ে তা ঢেকে ফেলা হয়। এর ওপর পলিথিন বিছিয়ে তা ঢাকায় নিয়ে যাওয়ার জন্য চালক প্রস্তুতি নিচ্ছিল। এ খবর পেয়ে তক্তাবার সত্য়া ৬টার দিকে র্যাবের একটি টহল দল ট্রাকটি আটকে তল্লাশি চালিয়ে বইগুলো উদ্ধার করে। এ সময় আটক করা হয় ৫ জনকে। তারা হলো দুর্গাপুর থানা মোড়ের পুরাতন জিনিসপত্র বিক্রয়তা চৌপুকুরিয়া গ্রামের ফয়সলউদ্দিনের ছেলে সেলিম (৩০), ট্রাকের হেলপার মতিহার আলী (৩৪), দোকানের কর্মচারী চৌপুকুরিয়া গ্রামের মরহুমের ছেলে রেবু (২২), পুটিয়া উপজেলার গোপালহাতি গ্রামের বেলাসউদ্দিনের ছেলে ইব্রাহিম আলী (২৩), দুর্গাপুর উপজেলার দেবীপুর গ্রামের এরশাদ আলী (২৫)। আটক বইয়ের মধ্য রয়েছে বাংলা, ইংরেজি, গণিত, ফিলাহ, আকাইনসহ তৃতীয় থেকে নবম শ্রেণীর বই। নতুন বই পুরাতন দেখাতে মলাট খুলে ফেলা হয় রাস জানায় আটককৃতরা।

আটক সেলিম আলী র্যাবকে জানায়, বইগুলো মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে বিতরণের জন্য ২০১০ ও ১১ সালে মুদ্রিত। রাশয়ারার কয়েকটি মাদ্রাসার নুপার বইগুলো চাহিদার অতিরিক্ত পেমিয়ে কেন্দ্র দরে বিক্রির জন্য ওদামজাত করে রেখেছিল।